খেলাধুলার প্রসারে পাশে দাঁড়ালো শিল্প সংস্থা ও হলদিয়া পুরসভা

নিজস্ব সংবাদদাতা, হলদিয়া ঃ হলদিয়ায় অবস্থিত শিল্প সংস্থাগুলি তাদের সামাজিক দায়বদ্ধতা প্রকল্পে নানা ধরণের উন্নয়নমূলক কাজ করে থাকেন। এবার খেলাধুলার প্রসার ঘটানোর লক্ষ্যে ক্লাব সংস্থাগুলির পাশে দাঁড়ালো শিল্প সংস্থা ও হলদিয়া পুরসভা। মঙ্গলবার সন্ধ্যায় হলদিয়া পুরসভার রবীন্দ্র-নজরুল মঞ্চে হলদিয়া এনার্জি সংস্থার সিএসআর প্রকল্পের বিভিন্ন সুবিধা উপভোক্তাদের হাতে তুলে দেন মন্ত্রী শুভেন্দু অধিকারী। নন্দীগ্রাম ১ ও ২ এবং সুতাহাটা ব্লক-সহ হলদিয়া পুরসভার সমস্ত ওয়ার্ডের অবস্থিত ক্লাব সংস্থা মোট ১০০টি ক্লাবের হাতে ফুটবল এবং ক্রিকেটের সরঞ্জাম তুলে দেওয়া হয়। এদিনের অনুষ্ঠানে হলদিয়া এনার্জির আধিকারিকদের পাশাপাশি উপস্থিত ছিলেন রাজ্যের পরিবহণ, পরিবেশ মন্ত্রী তথা হলদিয়া উন্নয়ন পর্ষদের চেয়ারম্যান শুভেন্দু অধিকারী, জেলা পরিষদের সভাধিপতি মধুরিমা মন্ডল, হলদিয়া পুরসভার চেয়ারম্যান শ্যামল আদক, হলদিয়া মহকুমাশাসক কুহক ভূষণ-সহ অন্যান্যরা। ফুটবল কিংবা ক্রিকেটে আরও বেশি বেশি খেলোয়াড় উঠে আসুক, খেলাধুলোর মাধ্যমে শরীর গঠন হোক এই লক্ষ্যে এলাকার ক্লাব সংস্থার হাতে খেলার সরঞ্জাম তুলে দেওয়া হয়।

ভর্তি-দুর্নীতিতে পাশে দাঁড়ালো খোদ ছাত্র পরিষদ

নিজস্ব সংবাদদাতা, ডেবরা ঃ বিভিন্ন কলেজে ভর্তি-দুর্নীতিতে তৃণমূলের ছাত্র সংগঠনের নাম জড়ানোয় ক্ষুব্ধ মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। কলেজে কলেজে তোলাবাজির অভিযোগে একাধিক ছাত্রনেতা গ্রেপ্তার হয়েছে। টাকা নিয়ে কোনও ভর্তি করা যাবে না বলে হুঁশিয়ারি দিয়েছেন খোদ মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। ইতিমধ্যে তাঁর নির্দেশে কলকাতা-সহ জেলায় জেলায় পুলিশ বিভিন্ন কলেজের সামনে ফ্লেক্স দিয়ে ছাত্র-ছাত্রীদের কাছে আবেদন জানিয়েছে তারা। কেউ যাতে ভর্তির জন্য কাউকে টাকা না দেয় এবং কেউ টাকা চাইলে পুলিশকে জানাতে বলা হয়েছে। অভিযোগ পেলেই ব্যবস্থা নেবে পুলিশ। রাজ্য সরকার জানিয়ে দিয়েছে ভর্তি হবে মেধার ভিত্তিতেই। রাজ্য সরকার এবং পুলিশ যখন ব্যবস্থা নেওয়ার কথা বলছে এবং শাসকদলের ছাত্র সংগঠনের নেতাদের নামে নানা অভিযোগ উঠছে ঠিক সেই সময়েই ডেবরা ক্ষুদিরাম স্মৃতি মহাবিদ্যালয়ের সামনেই ফ্লেক্স টাঙ্গিয়ে এলাকার তৃণমূল কংগ্রেস ছাত্র পরিষদ জানিয়েছে, কেউ যেন ভর্তির নামে কারোর কাছে টাকা না দেয় এবং যদি কেউ চায় তাহলে কলেজের ছাত্র সংসদের কাছে অভিযোগ জানাতে। ডেবরার তৃণমূল কংগ্রেস ছাত্রপরিষদের সভাপতি জানিয়েছেন, যদি কারোর নামে টাকা চাওয়ার অভিযোগ আসে তাহলে তাকে সঙ্গে সঙ্গে দল থেকে বহিষ্কার করা হবে।

যুব তৃণমূল সভাপতির বিরুদ্ধে থানায়

নিজস্ব সংবাদদাতা, খড়্গপুর ঃ খড়্গপুর শহর যুব তৃণমূল কংগ্রেসের সভাপতির বিরুদ্ধে টাউন থানায় অভিযোগ। পশ্চিম মেদিনীপুর জেলার খড়্গপুর শহরের এক মহিলার ছবি ফেসবুকে দেখে অশ্লীল মন্তব্য করার অভিযোগ উঠল যুব তৃণমূল নেতা পার্থ মুখার্জীর বিরুদ্ধে। মহিলা মঙ্গলবার রাতে খড়্গপুর টাউন থানায় পার্থ মুখার্জীর বিরুদ্ধে অশ্লীল মন্তব্য করার জন্য অভিযোগ দায়ের করেন মহিলা। এছাড়াও মহিলা বলেন কিছু বছর আগে পার্থ মুখার্জীকে মহিলাঘটিত ব্যাপারে পুলিশ গ্রেপ্তার করেছিল। যুব তৃণমূল কংগ্রেসের সভাপতি পার্থ মুখার্জী বলেন, বিজেপির কিছু লোক ষড়যন্ত্র করে আমাকে পদ থেকে সরানোর চক্রান্ত করছে। যদি আমি মহিলাটির সম্পর্কে কারও কাছে কোন অশ্লীল মন্তব্য করে থাকি তার কিছু প্রমাণ তো আছে। প্রমাণ ছাড়াই আমার বিরুদ্ধে মিথ্যে অভিযোগ করা হয়েছে। শহর তৃণমূল কংগ্রেসের সভাপতি রবিশঙ্কর পান্ডে বলেন, তিন চারদিন আগে আমার কাছে এক মহিলা এসে মৌখিকভাবে এই ব্যাপারটি জানায়। এখন পর্যন্ত কিছু তদন্ত করা হয়নি। তদন্তের মধ্যে পার্থ দোষী সাব্যস্ত হলে দল ব্যবস্থা নেবে।

শব্দবাজি ফাটানো ও মাইক চালানোর প্রতিবাদ করায় মারধর

নিজস্ব সংবাদদাতা, চন্দ্রকোনা ঃ মদাপ যুবকদের বাড়ির সামনে শব্দবাজি ফাটানোর ও মাইক চালানোর প্রতিবাদ করায় মারধর করা হল প্রতিবাদীকে। গৌতম মল্লিক, চন্দ্রকোনা থানার যাদবনগরে বাড়ি। পেশায় গ্রামীণ চিকিৎসক। শীতলা পুজো উপলক্ষ্যে মাইক চালিয়ে গ্রামেরই কয়েকজন যুবক মদ্যপ অবস্থায় নাচানাচি করে এবং বাড়ির সামনে বোম ফাটাতে থাকে। শব্দবাজির আওয়াজে অতিষ্ট হয়ে পড়ে পরিবার। এতে গৌতমবাবু বাড়ি থেকে বেরিয়ে এসে প্রতিবাদ করায় মদাপ যুবকরা চড়াও হয় ওই চিকিৎসকের উপর এবং ব্যাপকভাবে মারধর করা হয়। পরিবারের মহিলারা বেরিয়ে আটকাতে গেলে তাদেরও হেনস্থা করা বা টানাটানি করা হয় বলে অভিযোগ।

গুরুতর আহত অবস্থায় গৌতমবাবুকে ঘাটালের একটি বেসরকারি নার্সিংহোমে ভর্তি করা হয়, বর্তমানে তিনি চিকিৎসাধীন।

বিজেপি প্রার্থীর বাড়িতে বোমাবাজির অভিযোগ

নিজস্ব সংবাদদাতা, তমলুক ঃ পশ্চিম মেদিনীপুরের তমলুকে বিজেপি কর্মী ও পঞ্চায়েতে ভোটে পরাজিত প্রার্থীর বাড়িতে বোমাবাজির অভিযোগ উঠল তৃণমূলের বিরুদ্ধে। রাধিকাপ্রসাদ পাত্র গত পঞ্চায়েত ভোটে বিজেপি প্রার্থী হয়ে দাঁড়ান। এই ঘটনার পর গোয়ালতোড় থানায় অভিযোগ দায়ের করেছেন তিনি। তাঁর মতে জঙ্গলমহলকে ফের উত্তপ্ত করার চেষ্টা করছে তৃণমূল কর্মীরা। বিজেপি-র অভিযোগ অস্বীকার করেছে স্থানীয় তৃণমূল নেতৃত্ব। রাধিকাপ্রসাদ জানান, রাত সাড়ে বারোটা নাগাদ বাড়ির বাইরে বিস্ফোরণের শব্দ শুনতে পাই। আতঙ্কে বাইরে বেরোয়নি। সকালে বাইরের দেওয়ালে বিস্ফোরণের চিহ্ন দেখে পুলিশে খবর দেওয়া হয়। পুলিশ এসে বোমার বিভিন্ন অংশ উদ্ধার করে নিয়ে যায়। রাধিকাপ্রসাদ বলেন, আমি পঞ্চায়েত নির্বাচনে বিজেপি-র হয়ে ভোটে দাঁড়িয়েছিলাম। মাত্র ৪ ভোটে পরাজিত হলেও এলাকায় আমার রাজনৈতিক প্রভাব আছে। তা শেষ করতেই তৃণমূল আশ্রিত দুষ্কৃতীরা আক্রমণ করেছে।

বেহাল রাস্তা, কংক্রিট করার দাবি

শুভেন্দু কামিল্যা, খেজুরি ঃ বর্ষা নামতেই দীর্ঘদিন সংস্কার না হওয়া মোরাম রাস্তাগুলির অবস্থা বেহাল। খেজুরি থানার ১ ও ২ ব্লকের গ্রামীণ এলাকার মূল মোরাম রাস্তাগুলির বেহাল দশা! খেজুরি ১ ব্লকের পূর্বচড়া থেকে কাঠপুর পর্যন্ত বেশিরভাগ রাস্তা এখন বেহাল। যদিও পূর্বচড়া থেকে বিএড কলেজ পর্যন্ত ঢালাই রাস্তা হয়েছে। মূলত এই রাস্তা দিয়ে বীরবন্দর, জগন্নাথচক, অরাবাগা-সহ টিকাশির কয়েকটি অঞ্চলের মানুষ যাতায়াত করে। এই অঞ্চলগুলিতে ব্যাপক ফিসারি চাষ রয়েছে। ফিসারির ফিড ও বাগদা ভারী ইঞ্জিন ভ্যানে করেই পরিবহন করা হয়। এর ফলে দীর্ঘদিন ধরে সংস্কার না হওয়া মোরাম রাস্তাগুলি বসে গর্ত ও খাদ সৃষ্টি হয়েছে। গত কয়েকদিনের বর্ষায় জল জমে সেই রাস্তাগুলির অবস্থা যেন খানাখন্দে পরিণত হয়েছে। এই টিকাশি অঞ্চলের তাম্রা শিবমন্দির থেকে কুলবাড়ি যাওয়ার রাস্তার অবস্থাও দীর্ঘদিন ধরে বেহাল। পঞ্চায়েত ভোট মিটলেই রাস্তাগুলি সংস্কার করে দেওয়া হবে বলে প্রতিশ্রুতি দিয়েছিলেন স্থানীয় নেতৃত্বরা। কিন্তু রাস্তা সংস্কার না হওয়ায় ক্ষুব্ধ এলাকাবাসী। খেজুরির কামারদা থেকে জাহানাবাদ পর্যন্ত প্রায় ৩ কিমি মোরাম রাস্তার অবস্থা বেহাল দশা। এই রাস্তাটি সংস্কার করে কংক্রিটের রাস্তা করার দাবি দীর্ঘদিনের। এই রাস্তার দেড় কিমি পর্যন্ত মোরামের দেখা মিললেও বাকি দেড় কিমি মরাম নেই। এর পাশাপাশি হাবুচণ্ডী থেকে সুদ্দির খালপাড় পর্যন্ত গুরুত্বপূর্ণ ২ কিমি মরাম রাস্তার অবস্থা বেহাল। জাহানাবাদের জিরো পয়েন্ট থেকে সুদ্দি বাজার পর্যন্ত রাস্তাটিও গত কয়েকদিনের বৃষ্টিতে বেহাল। খেজুরি ২ ব্লকের হলুদবাড়ি অঞ্চলের দেখালি থেকে হলুদবাড়ি পর্যন্ত বেশ কিছুটা রাস্তা বেহাল। যদিও এই রাস্তার কিছু অংশ ঢালাই হয়েছে। কুঞ্জপুর থেকে তালপাটি ব্রিজ যাওয়ার রাস্তাটিও এই বর্ষায় বেহাল দশা। প্রসঙ্গত এই কয়েকবছরে গ্রামীণ এলাকার মূল রাস্তাগুলির কিছু অংশ পর্যন্ত গ্রামপঞ্চায়েত থেকে কংক্রিটের রাস্তা তৈরি করা হয়েছে। বাকি অংশগুলিও কংক্রিটের রাস্তা হবে। তাই রাস্তা সংস্কারে তেমন উদ্যোগী নয় গ্রাম পঞ্চায়েতগুলি। আগামী পঞ্চায়েতের মধ্যেই সমগ্র মোরাম রাস্তাগুলি কংক্রিট হয়ে যাবে বলে জানান স্থানীয় নেতৃত্বগণ। কামারদা গ্রামপঞ্চায়েতের প্রধান নির্মল পাত্র জানান, কিছু রাস্তা বেহাল হয়েছে। সেগুলিকে সংস্কার করা হবে। কোথাও পাইলেন দিতে হবে, কোথায় ধাস বা কোথায় মরাম ফেলা হবে। তবে রাস্তাগুলির কিছু অংশ ঢালাই হয়েছে, বাকি অংশগুলিও ঢালাই হবে। কিন্তু সব রাস্তা ঝালাই একসঙ্গে করা সম্ভব নয়। আর কামারদা থেকে জাহানাবাদ পর্যন্ত রাস্তাটি জেলাপরিষদ থেকে করার পরিকল্পনা নেওয়া হয়েছে। আগামী কয়েকমাসের মধ্যে রাস্তার কাজ শুরু হয়ে যাবে।

জরুরি বিপর্যয় নিয়ে প্রশিক্ষণ শিবির

নিজস্ব সংবাদদাতা, তমলুক ঃ সামাজিক জরুরি বিপর্যয় নিয়ে প্রশিক্ষণ শিবিরের আয়োজন করা হয় বুধবার। তমলুকের রেডক্রশ ভবনে, ভারতীয় রেডক্রশের তরফ থেকে এই প্রশিক্ষণ শিবির অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলাশাসক প্রশাস্ত অধিকারী, তমলুকের মহকুমাশাসক শুভ্রজ্যোতি ঘোষ, জেলার মুখ্য স্বাস্থ্য আধিকারিক ডঃ নিতাই চন্দ্র মন্ডল, তমলুক পৌরসভার চেয়ারম্যান রবীন্দ্রনাথ সেন, ভাইস চেয়ারম্যান দীপেন্দ্র নারায়ণ রায়-সহ বিশিষ্টরা। এদিন জাতীয় স্বর্ণপদকপ্রাপ্ত সাঁতারু অংশু রায় এবং সিস্থিয়া চৌধুরীকে সম্বর্ধনা দেওয়া হয়। প্রশিক্ষণ শিবিরে অংশগ্রহণ করেন প্রায় ৫০ জন। মোট ৬ জন প্রশিক্ষক দিনভর প্রশিক্ষণের কাজ চালান।

তোলাবাজির অভিযোগ তুলে প্রতিবাদ মিছিল বিজেপির

নিজস্ব সংবাদদাতা, ডেবরা ঃ রাজ্য জুড়ে ভর্তি প্রক্রিয়া নিয়ে তৃণমূল ছাত্র পরিষদের বিরুদ্ধে বারবার অভিযোগ উঠে এসেছে। আর তার প্রতিবাদে মাটি শক্ত করতে মাঠে নামলো বিজেপি। বুধবার বিজেপির পক্ষ থেকে ডেবরা বাজার থেকে ডেবরা কলেজ পর্যন্ত একটি প্রতিবাদ মিছিল করা হয়। যেখানে উদ্যোক্তা ছিল বিজেপি যুব মোর্চা। এছাড়াও বিজেপির মাদার সংগঠন ও ছাত্র সংগঠনের কর্মীরা উপস্থিত ছিল। শতাধিক কর্মীরা ডেবরা বাজার থেকে মিছিল করে ডেবরা কলেজ গেটে একটি পথসভার মধ্য দিয়ে প্রতিবাদ জানানো হয়। উপস্থিত ছিলেন জেলার যুব মোর্চার সভাপতি চঞ্চল চ্যাটার্জী, জেলার সম্পাদক অখিল ঘোড়াই, যুব নেতা গোপাল রাও, ছাত্রনেতা সুব্রত নন্দী-সহ অন্যান্য সদস্যরা।

রামনগর শহরে অবস্থিত একটি পানীয়জলের ট্যাপ থেকে সবসময় জল পড়ে এভাবে নষ্ট হচ্ছে। এখন বৃষ্টি হচ্ছে মাঝে মধ্যে। এই সময়েও জল নষ্ট হয়। আবার যখন চৈত্রের গরমে জলের জন্য হাহাকারের সময়েও একইভাবে ও একই হারে পানীয়জল নষ্ট হয়। তবে স্থানীয় বাসিন্দা বিশ্বজিৎ মাইতির অভিযোগ, পিএইচই-র ইঞ্জিনিয়ার কি এতটাই অজ্ঞ যে এই জল নষ্ট হওয়া আটকাতে পারছেন না। এ বিষয়ে কাঁথি জল সরবরাহ বিভাগের অ্যাসিস্টেন্ট ইঞ্জিনিয়ার স্বপন শ্যামল বলেন, বিষয়টি আমার জানা নেই। তবে খোঁজ নিয়ে দেখছি।

যুবকের দেহ উদ্ধারের ঘটনায় রহস্য

নিজস্ব সংবাদদাতা, পাঁশকুড়া ঃ ১০ দিন নিখোঁজ থাকার পর গত ২৯ জুন পাঁশকুড়ায় খাল থেকে উদ্ধার হয় সোমনাথ মাল (রাজু মাল) নামে এক যুবকের দেহ। বৌমা এবং ছেলের বন্ধু বাপি মাইতি ষড়যন্ত্র করে খুন করেছে বলে থানায় অভিযোগ করে মৃতের বাবা। সেই ঘটনায় সোমনাথের স্ত্রী শ্রাবণী মালকে পাঁশকুড়া থানার মেছোগ্রাম মোড় থেকে গ্রেপ্তার করেছে পুলিশ। পুলিশ সূত্রে খবর, ২৭ জুন বাপি ও শ্রাবণী দুজনেই পাঁশকুড়া থানা সোমনাথের মিসিং ডায়েরি করতে যান। রহস্য বাড়ে এখানেই ২৯ তারিখ যেদিন সোমনাথের মৃতদেহ উদ্ধার হয় তার পর থেকে বাপিকে আর এলাকায় দেখতে পাওয়া যায়নি। সোমনাথের বাবা লক্ষ্মণ চন্দ্র মালের অভিযোগ, বৌমার সঙ্গে বাপির অবৈধ সম্পর্ক ছিল, তার জেরে পথের কাঁটা সরিয়ে দিতে খুন করা হয়েছে।